জাজ মাল্টিমিডিয়ার সাহসী উদ্যোগ

টার্গেট বিদেশের দর্শকও

হলিউড, বলিউড, এমনকি টালিউডও যখন জমিয়ে ছবির ব্যবসা করছে, তখন বাংলাদেশের চলচ্চিত্র কেবলই ডুবে যাচ্ছে অন্ধকারে। এমনই এক কঠিন সময়ে সাহসে বুক বেঁধে দেশের চলচ্চিত্রে সুদিন ফেরানোর প্রয়াস চালিয়ে যাচ্ছে জাজ মাল্টিমিডিয়া। বাণিজ্যিক ছবির পাশাপাশি নির্মাণ করছে আর্ট ফিল্মও। মোস্তফা সরয়ার ফারুকী পরিচালিত তাদের 'পিঁপড়াবিদ্যা' ছবিটি কয়েকটি আন্তর্জাতিক উৎসবে সফল অংশগ্রহণ শেষে দেশেও দর্শকদের বাহবা কুড়াচ্ছে। এবার তারা ভারতের দর্শকদেরও বাংলাদেশের ছবি দেখাতে চান। সে লক্ষ্যে আগামী বিশ্ব ভালবাসা দিবসে ভারতের সঙ্গে যৌথ প্রযোজনায় নির্মিতব্য 'রোমিও ভার্সেস জুলিয়েট' ছবিটি বাংলাদেশের সঙ্গে ভারতেও মুক্তি দেয়া হবে। কানাডা, মালয়েশিয়াসহ বেশ কয়েকটি দেশের সঙ্গে কথাবার্তা চালিয়ে যাচ্ছে তাদের ছবি বিপণনের লক্ষ্যে।

বাগেরহাটের স্বকৃত চিত্রশিল্পী টুকু

চিত্রাঙ্কনের কোনো প্রাতিষ্ঠানিক শিক্ষা নেই। নেই সে সঙ্গতিও। কিন্তু মনের ভেতর সদা উসখুস শিল্প ভাবনা। আবেগের গভীর-স্নিগ্ধ রঙ। তাই আপন মনে ছবি এঁকে চলেন বাগেরহাটের কচুয়া উপজেলার সাংদিয়া গ্রামের তারিকুল ইসলাম টুকু। আর্থিক সমস্যায় পড়ালেখায় মাধ্যমিকের ধাপও পেরোতে পারেননি। পেনসিল স্কেচের পর গত চার বছর ধরে বাড়ির একটি পরিত্যক্ত ঘরে জলরঙে ছবি এঁকে চলেছেন। তার সে ঘরে ঢুকলে মনে হবে যেন কোনো বিখ্যাত শিল্পীর আর্ট গ্যালারিতে ঢুকেছেন। টুকুর মা ছালেহা বেগম জানান, টুকুর শিল্পকর্ম নিয়ে গ্রামের মানুষ নানা কথা বললেও তিনি আশাবাদী তার ছেলে একদিন নামকরা শিল্পী হবে। তাই তিনি ডিম ও নারিকেল পাতার শলা বিক্রির টাকা সংসারে না লাগিয়ে ছেলেকে ক্যানভাস কেনার জন্য দেন। তিনি আরো জানান, আর্থিক সমস্যার কারণে তিন বছর ধরে এসএম সুলতানের বাড়ি যাওয়া হয়নি টুকুর। এ বছর তিনি অনেক কষ্টে টাকা জোগাড় করে ছেলেকে এসএম সুলতানের বাড়ি পাঠান। টুকুর ইচ্ছের কথা জানতে চাইলে বলেন, 'একাত্তরের বর্বরতা ও মুক্তিযোদ্ধাদের ভূমিকা বড় একটা দেয়ালচিত্রে তুলে ধরা এবং ঢাকায় একটি প্রদর্শনী করা তার ভবিষ্যৎ স্বপ্ন। কিন্তু বড় প্রতিবন্ধকতা আর্থিক সমস্যা।

–আরিফ সাওন

স্মৃতিময় ফ্রেম

২০১৩ সালের ২৩ অক্টোবর ঢাকাস্থ হোটেল র‌্যাডিসনে বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমের প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে খাবার মেন্যু দেখছেন ইতিহাসবিদ অধ্যাপক সালাহ্‌উদ্দীন আহমেদ (২১ সেপ্টেম্বর, ১৯২২– ১৯ অক্টোবর, ২০১৪), পাশে বিচারপতি হাবিবুর রহমান (৩ ডিসেম্বর, ১৯২৮– ১১ জানুয়ারি, ২০১৪)। ছবিটি তুলেছিলেন আসাদুজ্জামান প্রামাণিক

জুরিপ্রধান ইরফান খান

অভিনেতা হিসেবে শুধু বলিউড নয়, হলিউডেও জনপ্রিয়তা পেয়েছেন ইরফান খান। 'দ্য নেইমসেক', 'স্লামডগ মিলিয়নিয়ার' ও 'লাইফ অব পাই' ছবিতে তার অভিনয় মুগ্ধ করেছে সারাবিশ্বের দর্শকদের। এবার তিনি আলজেরিয়ার ঔপন্যাসিক ও শিক্ষাবিদ ওয়াচিনি লারেডজ, বিখ্যাত চিত্রনির্মাতা স্টিভেন স্পিলবার্গ, অস্ট্রেলিয়ার চিত্র পরিচালক কেইট শর্টল্যান্ড এবং ফিলিস্তিনি অভিনেতা আলি সুলেইমানের মতোই জুরিদের প্রধান হিসেবে দায়িত্ব পালন করছেন আবুধাবি চলচ্চিত্র উৎসবের। উৎসবটি শুরু হয়েছে ২৩ অক্টোবর, চলবে ১ নভেম্বর পর্যন্ত।



প্রথম দিনের সব রেকর্ড ভেঙে দিয়েছে 'হ্যাপি নিউইয়ার'

শাহরুখ খান ও দীপিকা পাড়ুকোন অভিনীত দিওয়ালির ব্লকবাস্টার ছবি 'হ্যাপি নিউ ইয়ার' আগের সব ছবির প্রথম দিনের রেকর্ড ভেঙে দিয়েছে। ভারতের বক্স অফিসের হিসাবমতে, উদ্বোধনী দিনেই ৩৮ থেকে ৪০ কোটি রুপি আয় করেছে ছবিটি। উদ্বোধনী দিনের আয়ে এর আগের রেকর্ড ছিল আমির খানের 'ধুম-৩'-এর দখলে। প্রথম দিন ছবিটি আয় করেছিল ৩২ কোটি রুপি। উল্লেখ্য, বলিউডের বক্স অফিসে লাগাতারভাবেই রাজত্ব করে চলেছেন তিন খান– শাহরুখ, আমির ও সালমান। একের পর এক 'থ্রি ইডিয়টস', 'দাবাং', 'এক থা টাইগার' ও 'চেন্নাই এক্সপ্রেসে'র মতো ব্লগ বাস্টার ছবি উপহার দিয়ে চলেছেন তারা।

'পিকে'তেই সবচেয়ে কঠিন চরিত্রে অভিনয় করেছেন আমির!

বরাবরের মতো দিওয়ালিতেই তার 'পিকে' ছবির ট্রেইলার উন্মোচন করেছেন আমির খান। ছবিটির সাফল্য নিয়ে দারুণ আশাবাদী তিনি। অনেক অনভ্যস্ত ব্যাপারেও উতরে যেতে হয়েছে তাকে এ ছবিতে। যেমন পান খেতে হয়েছে দিনে ৫০-৬০টি। অনেকটা মজা করেই বললেন, 'আমি পান খাই না, অথচ এই ছবির চরিত্রটি ফুটিয়ে তোলার জন্য দিনে আমাকে ৫০-৬০টি করে পান খেতে হয়েছে। শুটিংয়ের সময় সেটে আমাদের তাই পানওয়ালা রাখতে হয়েছে। রাজকুমারের অন্যান্য ছবির মতো এ ছবিতেও থাকবে একটি জোরালো বক্তব্য। এ ছবিতে ক্যারিয়ারে সবচেয়ে কঠিন চরিত্রে অভিনয় করেছি আমি। চোখের পলকই প্রায় ফেলতে পারিনি এ ছবির চরিত্রের কারণে।'

আপনি জানেন কি



'দিলওয়ালে দুলহানিয়া লে জায়েঙ্গে'র রেকর্ড

ভারতে আর কোনো ছবি মুক্তির পর থেকে একই হলে এতদিন ধরে চলেনি। হ্যাঁ, শাহরুখ খান ও কাজল অভিনীত 'দিলওয়ালে দুলহানিয়া লে জায়েঙ্গে' ছবিটি ভারতের মারাঠা মন্দির সিনেমা হলে মুক্তির পর থেকে এখনো চলছে। গত ২০ অক্টোবর ১৯ বছর পূর্ণ হয় এ ছবির একনাগাড়ে প্রদর্শনীর। ১৯৯৫ সালের ২০ অক্টোবর মুক্তির পর থেকেই মুম্বাইয়ের মারাঠা মন্দির সিনেমা হলে প্রতিদিন সকাল সাড়ে এগারোটার শোতে প্রদর্শিত হয়ে এসেছে আদিত্য চোপড়া পরিচালিত ছবিটি।

এক যুগ পর জুটি বাঁধলেন প্রসেনজিৎ-অর্পিতা

দীর্ঘ এক যুগ আগে পর্দার বাইরের বাস্তব জগতে জুটি বাঁধেন তারা। তারপর আর রূপালি পর্দায় এক সঙ্গে দেখা যায়নি এই দুজনকে। ঘর-সংসার গোছানোর জন্য অর্পিতা কিছুদিন ছুটি নেন অভিনয় থেকে। তারপর এক সময় ফিরেও আসেন, কিন্তু প্রসেনজিতের সঙ্গে আর জুটি বাঁধা হয়নি কোনো ছবিতে। সম্প্রতি এই কাজটি করতে সফল হয়েছেন পরিচালক রাজা চন্দ। তার আগামী ছবি 'ফোর্স'-এ এক সঙ্গে দেখা যাবে এক সময়ের আলোচিত জুটি প্রসেনজিৎ-অর্পিতাকে। একটি অটিস্টিক শিশুকে কেন্দ্র করে আবর্তিত হয়েছে ছবির গল্প। অর্পিতার সঙ্গে জুটি বাঁধা প্রসঙ্গে প্রসেনজিৎ বলেন, আসলে নির্দিষ্ট কোনো কারণ ছিল না এতদিন এক সঙ্গে অভিনয় না করার। ও সংসার নিয়ে ব্যস্ত থাকত বেশি, এবার রাজা চন্দ কীভাবে যেন এটা করে ফেলল।'



উদ্বোধনেই বাজিমাত ব্রাড পিটের 'ফিউরি'র

এ যেন 'এলাম, দেখলাম, জয় করলাম'। ২২ অক্টোবর এ বছরের বিএফআই লন্ডন চলচ্চিত্র উৎসবের সমাপনী দিনে ব্রাড পিটের 'ফিউরি' ছবিটির ইউরোপিয়ান প্রিমিয়ার হয়। আর উদ্বোধনেই তুমুল আলোড়ন সৃষ্টি করে ছবিটি। যুক্তরাষ্ট্রেও প্রথম সপ্তাহেই সবাইকে তাক লাগিয়ে বেন অ্যাফ্লেকের 'গন গার্ল' ছবিটিকে পেছনে ফেলে বক্স অফিসের আয়ের হিসাবে উঠে এসেছে এক নম্বরে। দ্বিতীয় বিশ্বযুদ্ধে সৈনিকদের ভোগান্তি মানবিক অনুভূতিতে শিহরন জাগানো এ ছবিতে ট্যাঙ্ক কমান্ডারের ভূমিকায় অভিনয় করেছেন পিট। তবে প্রেক্ষাপট যুদ্ধের হলেও যুদ্ধকে মোটেও উৎসাহিত করা হয়নি এতে। লন্ডন চলচ্চিত্র উৎসবের লালগালিচায় দাঁড়িয়ে পিট বলেন, 'যুদ্ধ হচ্ছে নরক, যার যন্ত্রণা প্রত্যেক সৈন্যকেই বয়ে বেড়াতে হয় দীর্ঘদিন।' তিনি আশা করেন ছবিটি দ্বিতীয় বিশ্বযুদ্ধের বীর সৈনিকদের ভোগান্তি ও আত্মত্যাগ তুলে ধরতে সক্ষম হবে।

এবার ব্রডওয়েতে কেইরা নাইটলি

'আনা কারেনিনা', 'প্রাইড অ্যান্ড প্রিজুডিস', 'পাইরেটস অব ক্যারিবিয়ান' ইত্যাদি ছবিতে বিশ্ব মাতানো হলিউড তারকা কেইরা নাইটলি যে মঞ্চ অভিনয়েও কম যান না, তার প্রমাণ রেখেছিলেন সেই ২০০৯ সালেই। সেবার মঞ্চে মলিয়েরের 'মিজানথ্রপ' নাটকে অভিনয় করেছিলেন তিনি। এবার ব্রডওয়ে মঞ্চে দেখা যাবে তাকে। প্রখ্যাত ফরাসি লেখক এমিল জোলার ১৮৬৭ সালের উপন্যাস 'থেরেস রাকুইন' অবলম্বনে নাটকে অভিনয় করে ব্রডওয়েতে অভিষেক হতে যাচ্ছে তার। দ্য রাউন্ড্যাবাউট থিয়েটার কোম্পানি ২০১৫ সালের অক্টোবরে নিউইয়র্কে এক নাট্য প্রদর্শনীর ব্যবস্থা করবে বলে জানা গেছে।

'গন গার্ল' : নারীবিদ্বেষে চপেটাঘাত নাকি নারীর ক্ষমতায়ন

মুক্তি পেয়েই দারুণ ব্যবসা করছে ডেভিড ফিঞ্চারের নতুন ছবি 'গন গার্ল'। প্রথম দু সপ্তাহ মার্কিন বক্স অফিসের হিসাবে এক নম্বরেই ছিল। কিন্তু ভীষণ প্রতিক্রিয়া চলছে রোসামান্ড পাইক এবং বেন অ্যাফ্লেক অভিনীত ছবিটিকে নিয়ে। শুধু চিত্র-সমালোচকরাই নন– লেখক, মানবাধিকার ব্যক্তিত্ব, নারীবাদী অ্যাক্টিভিস্টরা রীতিমতো কলমযুদ্ধে নেমে পড়েছেন বিশ্ববিখ্যাত সব পত্রিকায়। প্রশ্ন উঠেছে, ছবিটি কি নারীবিদ্বেষের বিরুদ্ধে এক জোরালো চপেটাঘাত, নাকি নারীর ক্ষমতায়নের বার্তাবহ? ছবিটি নির্মিত হয়েছে ২০১২ সালে প্রকাশিত গিলিয়ান ফ্লিনের বেস্টসেলার উপন্যাস থেকে। সমালোচকরা ছবিটি নিয়ে তুমুল বিতর্কে মেতে উঠেছেন এই প্রশ্নে যে, 'গন গার্ল' কি একটি নারীবাদী মাস্টারপিস, নাকি সব নারীকে এটি চরমভাবে অপমান করেছে, সব জায়গায়?

গ্রন্থনা : স্বপ্নিল খেয়া